গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমাজসেবা অধিদফতর
সমাজসেবা ভবন
আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।

স্মারক : ৪১.০১. ০০০০.০০৯.১১.০২১.১৭- ১৩৫ তারিখ:২৪-১-২০১৮ খ্রিঃ

বিষয়ঃ- নিয়োগ বিজ্ঞপ্তি সমাজসেবা অধিদফতরের ওয়েবসাইটে প্রকাশ করণ ।

**সমাজসেবা অধিদফতরের আওতাধীন বিভিন্ন কার্যালয়/প্রতিষ্ঠানের জন্য ৩য় শ্রেণীর বিভিন্ন ক্যাটাগরির সর্বমোট ৭২(বাহাত্তর) টি পদে জনবল নিয়োগের নিমিত্ত পত্রিকায় নিয়োগ বিজ্ঞপ্তি জারী করা হয়েছে। বর্ণিত নিয়োগ বিজ্ঞপ্তিটি সমাজসেবা অধিদফতরের ওয়েবসাইটে প্রকাশ করা প্রয়োজন।**

| ক্রমিক নং | স্মারক নং | তারিখ |
|---|---|---|
| ১ | ১১৫ | তারিখঃ ২৩-১-২০১৮ |

**বর্ণিতাবস্থায়, এতদ্বসংগে সংযোজিত নিয়োগ বিজ্ঞপ্তিটি টি সমাজসেবা অধিদফতরের ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য মহোদয়কে অনুরোধ করা হলো।**

২৪/০১/১৮

(মোঃ আব্দুর রশিদ)
সহকারী পরিচালক(প্রশাসন-২)
সমাজসেবা অধিদফতর, ঢাকা

২৪/০১/১৮

উপপরিচালক(প্রকাশনা, গবেষণা ও মূল্যায়ন)
সমাজসেবা অধিদফতর, ঢাকা।

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো।

১। মহাপরিচালক, সমাজসেবা অধিদপ্তর, ঢাকা।

২। পরিচালক(প্রশাসন ও অর্থ), সমাজসেবা অধিদফতর, ঢাকা ।

৩। উপপরিচালক(প্রশাসন ও অর্থ)/, সমাজসেবা অধিদফতর, ঢাকা।

anwar.1

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমাজসেবা অধিদফতর
সমাজসেবা ভবন
আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।

স্মারক নং- ৪১.০১.০০০০.০০৯.১১.০২১.১৭.১১৫

তারিখ: ১০ মাঘ, ১৪২৪
২৩-১-২০১৮ খ্রিঃ

## নিয়োগ বিজ্ঞপ্তি

সমাজকল্যাণ মন্ত্রণালয়ের অধীন সমাজসেবা অধিদফতরের নিম্নবর্ণিত শূন্য পদে নিয়োগের নিমিত্ত সকল জেলার প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট হতে সরকারি নির্ধারিত ফরমে অনলাইনে দরখাস্ত আহবান করা যাচ্ছেঃ

| ক্রঃ নং | পদের নাম ও বেতন স্কেল | পদের সংখ্যা | শিক্ষাগত ও অন্যান্য যোগ্যতা ও প্রয়োজনীয় অভিজ্ঞতা | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১ | অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক ( স্থায়ী রাজস্ব) ৯৩০০-২২৪৯০/- | ৫২ (বায়ান্ন) | ক) স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচ.এস.সি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ ;<br>খ) কম্পিউটার প্রশিক্ষণপ্রাপ্ত;<br>গ) কম্পিউটার ব্যবহার সংক্রান্ত ওয়ার্ড প্রসেসিং, ডাটা এন্ট্রি ও টাইপ ইত্যাদির সর্বনিম্ন গতি প্রতি মিনিটে ইংরেজিতে ২০ এবং বাংলায় ২০ শব্দ।<br>ঘ) কম্পিউটার এ্যাপটিচিউড টেষ্টে অবশ্যই উত্তীর্ণ হতে হবে। | বাংলাদেশের সকল জেলার প্রার্থী আবেদন করতে পারবেন। |
| ২ | হিসাব সহকারী ( স্থায়ী রাজস্ব) ৯৩০০-২২৪৯০/- | ১৭(সতের) | ক) কোন স্বীকৃত বোর্ড হইতে বানিজ্য বিষয়ে অন্যূন দ্বিতীয় বিভাগে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>খ) ৪র্থ শ্রেণীর চাকুরিতে কর্মরত বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা ৩৫ বৎসর পর্যন্ত শিথিলযোগ্য। | ঐ |
| ৩ | কোষাধ্যক্ষ যুক্ত গুদামরক্ষক ( স্থায়ী রাজস্ব) ৯৩০০-২২৪৯০/- | ০২ (দুই) | কোন স্বীকৃত বোর্ড হইতে বানিজ্য বিষয়ে অন্যূন দ্বিতীয় বিভাগে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। | ঐ |
| ৪ | স্টোরকিপার( স্থায়ী রাজস্ব) ৯৩০০-২২৪৯০/- | ০১ (এক) | কোন স্বীকৃত বোর্ড হইতে বানিজ্য বিষয়ে অন্যূন দ্বিতীয় বিভাগে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। | ঐ |

আবেদনের পদ্ধতি ও শর্তাবলী ঃ

১. নিয়োগের জন্য আবেদনকারী সাধারণ প্রার্থীদের বয়স ০১-১-২০১৮ তারিখে ১৮-৩০ বছর এবং মুক্তিযোদ্ধা ও শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যাগণের ক্ষেত্রে বয়স ১৮-৩২ বছর । মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যার পুত্র-কন্যাগণের বয়স ১৮-৩০ বছর। শারীরিক প্রতিবন্ধী প্রার্থীদের জন্য বয়স ১৮-৩২ বছর।

২. নিয়োগের ক্ষেত্রে সরকারের বিদ্যমান বিধি- বিধান /সকল প্রকার কোটা যথাযথভাবে অনুসরণ করা হবে।

৩. আবেদনকারীকে মৌখিক পরীক্ষা গ্রহণের সময় নিম্নবর্ণিত কাগজপত্রাদির মূল কপি প্রদর্শন করতে হবে এবং ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত অনুলিপি জমা দিতে হবে।
ক)শিক্ষাগত যোগ্যতা সম্পর্কিত সকল প্রকার মূল/সাময়িক সনদপত্র, অভিজ্ঞতা (প্রযোজ্য ক্ষেত্রে) সনদের সত্যায়িত কপি।
খ) জাতীয় পরিচয়পত্র/জন্মনিবন্ধন সনদপত্রের সত্যায়িত কপি।
গ) সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র।
ঘ) ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক চারিত্রিক সনদপত্র।
ঙ) শারিরীক প্রতিবন্ধী, এতিম, ক্ষুদ্র নৃ-গোষ্ঠী এবং আনসার ও ভিডিপি প্রার্থীদের ক্ষেত্রে সরকারের সর্বশেষ নীতিমালা অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষের সার্টিফিকেট এবং মুক্তিযোদ্ধা কোটায় আবেদনকারী প্রার্থীদের ক্ষেত্রে সরকারের সর্বশেষ নীতিমালা অনুযায়ী মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত মুক্তিযোদ্ধা ও শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যার পিতা-মাতার/পুত্র-কন্যার পুত্র-কন্যাগণের পিতামহ/মাতামহ এর মুক্তিযোদ্ধা সনদপত্র।
চ) আবেদনকারী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা এবং মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা হলে আবেদনকারীর সাথে মুক্তিযোদ্ধার সম্পর্ক উল্লেখপূর্বক ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা অথবা সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র।

৪. কর্তৃপক্ষ প্রয়োজনে যে কোন শর্ত সংযোজন, সংশোধন এবং পরিবর্তন করার ক্ষমতা সংরক্ষণ করেন। কর্তৃপক্ষ অনিবার্য কারণ বশতঃ নিয়োগ প্রক্রিয়ার যে কোন পর্যায়ে স্থগিত/বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

৫. আবেদনপত্র পূরণ সংক্রান্ত শর্তাবলী:

৬. ক. পরীক্ষায় অংশগ্রহণের ইচ্ছুক http://dss.teletalk.com.bd এই ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করতে পারবেন।
আবেদনের সময়সীমা নিম্নরুপ:
১. Online- এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময়: ০১-২-২০১৮ সকাল ১১.০০ ঘটিকা।
২. Online- এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময়: ১৫-২-২০১৮ রাত ১২.০০ ঘটিকা পর্যন্ত।

উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ পরবর্তী ৭২(বাহাত্তর) ঘন্টার মধ্যে এসএমএস এ পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

খ. Online আবেদনপত্রে প্রার্থী তাঁর রঙ্গিন ছবি(দৈর্ঘ্য ৩০০× প্রস্থ ৩০০)pixel ও স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০× প্রস্থ ৮০) pixel স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। ছবির সাইজ সর্বোচ্চ 100 KBও স্বাক্ষরের সাইজ সর্বোচ্চ 60 KBও হতে হবে।

গ.Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online এ আবেদনপত্র Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন। পুনঃপূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

ঘ. প্রার্থী Online- এ পূরণকৃত আবেদনপত্রের একটি প্রিন্টকপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনের সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন।

ঙ) SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান: Online- এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মতে ছবি এবং Singnature Upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit করা সম্পন্ন প্রার্থী একটি USER ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's copy পাবেন। উক্ত Applicant's copy কপি প্রার্থী প্রিন্ট অথবা download করে সংরক্ষণ করবেন। Applicant's copy কপিতে একটি USER ID নম্বর দেয়া থাকবে এবং USER ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে পরীক্ষার ফি বাবদ ক্রমিক নং-০১ হতে ০৪ নং পদের জন্য সার্ভিস চার্জসহ ১১২/-(একশত বার) টাকা এবং অনধিক ৭২(বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন। বিশেষভাবে উল্লেখ্য, " Online- এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত Online আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না"।

প্রথম SMS: DSS<space>User ID লিখে Send করতে হবে 16222 নম্বরে। Example: DSS ABCDEF
Reply: Applicant's Name, TK....................will be charged as application fee.Your PIN is 12345678. To Confirm fee Type DSS<Space>YES<Space>PIN and Send to 16222.

দ্বিতীয় SMS: DSS<space>YES<space>PIN লিখে Send করতে হবে 16222 নম্বরে। Example: DSS YES 12345678 Reply: Congratulation Applicant's Name, payment completed successfully for DSS Application for the post of xxxxxxxxxxxxxx, User ID is (ABCDEF) and Password(xxxxxxxxx)

চ. প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http://dss.teletalk.com.bd অথবা, DSS Website: www.dss.gov.bd এর ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS এর মাধ্যমে (শুধু যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা SMS Read করা এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষনিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

ছ. SMS এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও ভেন্যুর নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক Print(সম্ভব হলে রঙ্গিন) করে নিবেন। প্রার্থী এই প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময়ে এবং উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময়ে অবশ্যই প্রদর্শন করবেন।

জ. শুধু টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID, Serial এবং PIN পুনরুদ্ধার করতে পারবেন।

৭. User ID জানা থাকলে : DSS<space>Help<space>User<space>User ID & Send to 16222.
Example: DSS HELP USER ABCDEF

৮. PIN Number জানা থাকলে : DSS<space>Help<space>PIN<space>PIN NO & Send to 16222.
Example: DSS HELP PIN 12345678

৯. ত্রুটিপূর্ণ/ অসম্পূর্ণ আবেদনপত্র কোন কারণ দর্শানো ব্যতিরেকেই বাতিল বলে গণ্য হবে।

১০. আবেদনকারীকে লিখিত, ব্যবহারিক ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ দেয়া হবে না।

১১. নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত গণ্য হবে।

১২. পদসংখ্যা হ্রাস/বৃদ্ধি হতে পারে।

২৬/০২/১৮

(এ, কে, এম খায়রুল আলম)
অতিরিক্ত সচিব
পরিচালক(প্রশাসন ও অর্থ)
ও
সভাপতি
বিভাগীয় বাছাই/নির্বাচন কমিটি
সমাজসেবা অধিদফতর, ঢাকা।